

# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 20 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে আজ রবিবার অনুষ্ঠিত হলো ‘কম্পিউটেশনাল ফিজিক্স এন্ড ম্যাটেরিয়ালস সায়েন্স’ শীর্ষক একটি আন্তর্জাতিক সম্মেলন। শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনে আয়োজিত এ দিনব্যাপী সম্মেলনটি নিবেদিত ছিল বিভাগের ইমেরিটাস প্রফেসর ও কনডেসড ম্যাটার ফিজিক্স ল্যাবের প্রতিষ্ঠাতা এ কে এম আজহারুল ইসলামের সম্মানে।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর সালেহ হাসান নকীব। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর মোহাম্মদ মাস্টন উদ্দীন এবং সম্মানিত অতিথি ছিলেন প্রফেসর ইমেরিটাস এ কে এম আজহারুল ইসলাম। সম্মেলনের সেক্রেটারি প্রফেসর মো. আশরাফ আলী স্বাগত বক্তব্য প্রদান করেন এবং সভাপতির দায়িত্ব পালন করে ধন্যবাদ জ্ঞাপন করেন প্রফেসর এফ নজরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, “কনডেসড ম্যাটার ফিজিক্স ল্যাব রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একটি গৌরবময় গবেষণাগার, যা প্রায় চার দশক ধরে দেশে পদার্থবিজ্ঞানের উচ্চতর গবেষণায় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। এই ল্যাবের প্রাক্তন গবেষকেরা দেশ-বিদেশে সুনামের সাথে কর্মরত রয়েছেন।” তিনি আরও বলেন, “প্রফেসর এ কে এম আজহারুল ইসলাম একজন নিরলস গবেষক হিসেবে বাংলাদেশের বিজ্ঞান গবেষণায় পথপ্রদর্শকের ভূমিকা রেখেছেন। তাঁকে সম্মান জানানো মানে পুরো বিশ্ববিদ্যালয়কেই সম্মানিত করা।”

অনুষ্ঠানে ল্যাব অ্যালামনাইয়ের পক্ষ থেকে প্রফেসর আজহারুল ইসলামকে স্মারক ক্রেস্ট উপহার দেওয়া হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিভাগের শিক্ষক রুমা পারভীন।

সম্মেলনের মূল পর্বে ‘কিনোট পেপার’ ও ‘ইনভাইটেড টক’ সেশনে যথাক্রমে একটি ও দুটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। এরপর অনুষ্ঠিত কারিগরি সেশনে ৬৯টি গবেষণা প্রবন্ধ এবং পৃথক স্মরণিক সেশনে ৪৪টি প্রবন্ধ উপস্থাপিত হয়।

সম্মেলন